# পূবালী বার্তা

## পূবালী ব্যাংক লিমিটেডের ৩০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




পূবালী ব্যাংক লিমিটেডের ৩০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ২১ আগস্ট ২০১৩ ঢাকায় বসুন্ধরা কনভেনশন সেন্টার-২'এ অনুষ্ঠিত হয়। মহামান্য আদালতের নির্দেশ অনুযায়ী বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন ব্যারিস্টার ফিদা এম কামাল।

৩০তম বার্ষিক সাধারণ সভায় পূবালী ব্যাংক লিমিটেড এর ৩১ ডিসেম্বর ২০১২ সালের জন্য ১০% নগদ ডিভিডেন্ট প্রদানের সিদ্ধান্ত অনুমোদিত হয়।

৩০তম বার্ষিক সাধারণ সভায় ৫টি এজেন্ডা অনুমোদিত হয়। পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের ১৩টি পদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়। শেয়ার হোল্ডারদের ভোটে পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদে নিম্নলিখিত সম্মানিত পরিচালকবৃন্দ নির্বাচিত হন- হাফিজ আহমদ মজুমদার এমপি, হাবিবুর রহমান, মনির উদ্দিন আহমদ, সৈয়দ মোয়াজ্জেম হুসাইন, আহমদ শফি চৌধুরী, মোহাম্মদ ফয়জুর রহমান, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, এম. কবিরুজ্জামান ইয়াকুব, মিসেস সুরাইয়া রহমান, মিসেস রোমানা শরীফ, মোস্তফা আহমদ, মুসা আহমেদ, আজিজুর রহমান। স্বতন্ত্র পরিচালক হিসেবে খুরশীদ-উল-আলম ও ড. শাহদীন মালিক এর নিয়োগ BSEC এর নির্দেশনা অনুযায়ী শেয়ার হোল্ডারগণ কর্তৃক অনুমোদিত হয়।

সভায় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী, সিএফও ও মহাব্যবস্থাপক সাঈদ আহমেদ এফসিএ, কোম্পানী সচিব ও মহাব্যবস্থাপক মোঃ সাঈদ সিকদার এবং ব্যাংকের ঊর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিপুল সংখ্যক শেয়ার হোল্ডারবৃন্দ উৎসাহ উদ্দীপনার সাথে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করে ব্যাংকের সার্বিক বিষয়ে আলোচনায় অংশ নেন। শেয়ার হোল্ডারবৃন্দ ব্যাংকের সার্বিক কার্যক্রম ও সুষ্ঠু ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করার পাশাপাশি ব্যাংকের উত্তরোত্তর উন্নতির জন্য দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন।

## পূবালী ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান পুনঃ নির্বাচিত






বিশিষ্ট শিল্পপতি, সমাজ সেবক ও সম্মানিত সংসদ সদস্য হাফিজ আহমদ মজুমদার পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক হাবিবুর রহমান পরিচালনা পর্ষদের ভাইস চেয়ারম্যান পুনঃনির্বাচিত হয়েছেন। ২১ আগষ্ট ২০১৩ তারিখে অনুষ্ঠিত পূবালী ব্যাংক লিমিটেডের ৩০ তম বার্ষিক সাধারণ সভা শেষে পরিচালনা পর্ষদের ৯৪১তম সভায় সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পুনঃনির্বাচন করা হয়।

জনাব হাফিজ আহমদ মজুমদার একজন শিল্পপতি ও চা বাগানের মালিক। তিনি বিভিন্ন সমাজসেবা মূলক কাজের সাথে সম্পৃক্ত। দেশের শিক্ষা ক্ষেত্রে তাঁর অবদান উলেখযোগ্য। তিনি "হাফিজ মজুমদার শিক্ষা ট্রাষ্ট" এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। সিলেটের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান "স্কলারসহোম" এই ট্রাস্টের আওতায় কাজ করছে। সিলেটের জকিগঞ্জ অঞ্চলের বহু শিক্ষা প্রতিষ্ঠান এই ট্রাস্টের অধীনে থেকে শিক্ষা প্রসারে ভূমিকা রাখছে।

জনাব হাবিবুর রহমান একজন স্বনামধন্য ব্যবসায়ী এবং তিনি বিভিন্ন সমাজসেবা মূলক কাজের সাথে সম্পৃক্ত। তিনি গ্রীণডেল্টা ইন্স্যুরেন্স এর স্পন্সর ডিরেক্টর এবং ডেল্টা হাসপাতাল ও ডেল্টা মেডিকেল সেন্টারের স্পন্সর ডিরেক্টর।




## অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের দ্বিতীয় সম্মেলন-২০১৩




পূবালী ব্যাংক লিমিটেড এর অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের দ্বিতীয় সম্মেলন-২০১৩ ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে ১১ মে ২০১৩ তারিখে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান। সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী।

সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালক ও নির্বাহী কমিটির চেয়ারম্যান জনাব সৈয়দ মোয়াজ্জেম হুসাইন এবং পরিচালক জনাব এম. ফয়জুর রহমান ।

অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শফিউল আলম খান চৌধুরী এবং প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ, সকল অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধান এবং ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি বলেন, প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। পরিশেষে ২০১৩ সালের ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

পরিচালক ও নির্বাহী কমিটির চেয়ারম্যান জনাব সৈয়দ মোয়াজ্জেম হুসাইন তাঁর বক্তব্যে আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহার ও উন্নততর গ্রাহকসেবার মাধ্যমে ব্যাংকের ব্যবসা বৃদ্ধির উপর জোর তাগিদ দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংক এগিয়ে যায়।

পরিচালক জনাব এম. ফয়জুর রহমান সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রতি আহ্বান জানান। খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## সাভারের মর্মান্তিক ভবন ধ্বসে ক্ষতিগ্রস্থ পরিবারদের ২.০০ কোটি টাকা অনুদান



সাভারের মর্মান্তিক ভবন ধ্বসের ঘটনায় আহতদের সুচিকিৎসা এবং আহত ও নিহতদের পরিবারের পুনর্বাসনের জন্য সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ২.০০ (দুই) কোটি টাকার অনুদান প্রদান করেছে। সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নিকট অনুদানের চেক হস্তান্তর করেন। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, পূবালী ব্যাংক লিমিটেড সামাজিক কর্মকান্ডের প্রতি পূর্ণমাত্রায় দায়বদ্ধ। এই দায়বদ্ধতা সমাজের বৃহত্তর স্বার্থে নিবেদিত। পূবালী ব্যাংক লিমিটেড অতীতেও দেশের যে কোন জাতীয় দুর্যোগ মোকাবেলায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করে এসেছে। দেশের উন্নয়নের লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেড দেশের স্বাস্থ্যখাত, শিক্ষা, সংস্কৃতি ও খেলাধূলার উন্নয়নে সহযোগিতার দ্বার উন্মুক্ত করেছে।

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*



## অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের দ্বিতীয় সম্মেলন-২০১৩

.......... প্রথম পৃষ্ঠার পর

খেলাপী বা শ্রেণীভূক্ত না হয় সে দিকে সকল অঞ্চল প্রধানকে বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য তিনি নির্দেশ প্রদান করেন।

সম্মেলনে ব্যাংকের ২০১৩ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।

সভায় স্বাগত বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেডের চীফ টেকনিক্যাল অফিসার ও সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ আলী।

## সাভারের মর্মান্তিক ভবন ধ্বসে ক্ষতিগ্রস্থ পরিবারদের ২.০০ কোটি টাকা অনুদান

.......... প্রথম পৃষ্ঠার পর

চেক হস্তান্তর অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, বাংলাদেশ ব্যাংকের গভর্ণর ড. আতিউর রহমান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব ড. এম. আসলাম আলম, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এস.কে. সুর চৌধুরী, বিএবির চেয়ারম্যান মোঃ নজরুল ইসলাম মজুমদার এবং বিভিন্ন ব্যাংকের চেয়ারম্যান, পরিচালক ও প্রধান নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের '২য় শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৩'

.......... প্রথম পৃষ্ঠার পর

অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

সম্মেলনে চট্টগ্রাম প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক জনাব সৈয়দ আব্দুল মজিদ, চট্টগ্রাম উত্তর অঞ্চলের প্রধান উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ ওমর সুলতান, চট্টগ্রাম দক্ষিণ ও পার্বত্য অঞ্চলের প্রধান উপ-মহাব্যবস্থাপক জনাব সুশীল কুমার সাহা এবং চট্টগ্রাম উত্তর, দক্ষিণ ও পার্বত্য অঞ্চলের শাখা ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন।

## "ব্যাংক খাতে ঝুঁকি ব্যবস্থাপনা ও যথাযথ সতর্কতা অবলম্বন" শীর্ষক কর্মশালা

.......... ৩য় পৃষ্ঠার পর

তিনি নিয়মনীতি মেনে নতুন হিসাব খোলা ও পরিচালনা করার পরামর্শ দেন। তিনি মানি লন্ডারিং প্রতিরোধে ব্যাংকারদের করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অঞ্চল প্রধান ও সভাপতি মহোদয় "Credit Risk Management" বিষয়ে অত্যন্ত গুরুত্বপূর্ন বক্তব্য প্রদান করেন। "Risk" এবং "Risk Management"-কে সজ্ঞায়িত করতে গিয়ে তিনি বলেন Risk হলো বিপদের সম্ভাবনা যা দুর্যোগে পরিণত হতে পারে এবং এই বিপদ বা দুর্যোগ প্রতিরোধমূলক ব্যবস্থাদিই হলো "Risk Management"। তিনি মানি লন্ডারিং বিষয়ে আলোচনা করতে গিয়ে "সম্পৃক্ত অপরাধ" সমূহ ব্যাখ্যাসহ বুঝিয়ে দেন। তিনি আরও বলেন বাংলাদেশ ব্যাংকের গাইড লাইন ও আমাদের ব্যাংকের বিধি বিধান সঠিকভাবে পরিপালন করার মাধ্যমে ঋণ প্রদান সহ সকল কার্যক্রম পরিচালনা করলে ব্যাংক খাতে ঝুঁকি মোকাবেলা করা সম্ভব।

## পূবালী ব্যাংক লিমিটেডের অর্থায়নে হবিগঞ্জে "আল-মদিনা কেমিক্যাল এন্ড সোপ ইন্ডাস্ট্রিজ" এর উদ্বোধন

.......... ৩য় পৃষ্ঠার পর

আল-আমিন, শায়েস্তাগঞ্জ শাখার ব্যবস্থাপক জনাব মোঃ নোমান মিয়া, সুতাং বাজার শাখার ব্যবস্থাপক জনাব আসাদুজ্জামান নূর, কাউসার মেম্বার, শফিকুর রহমান মেম্বার ও মৌলানা আজিজুর রহমান প্রমুখ।

## পূবালী উৎসব নামে নতুন ডিমান্ড লোন

বিভিন্ন ধর্মীয় ও সাংস্কৃতিক উৎসব উপলক্ষ্যে ব্যবসায়ী ও পণ্য প্রস্তুতকারকদের পণ্যের চাহিদা অনেকাংশে বৃদ্ধি পায়, ফলে ব্যবসায়ী ও পণ্য প্রস্তুতকারকদের অর্থের চাহিদাও বেড়ে যায় অনেক। উল্লিখিত বিষয়টি বিবেচনায় নিয়ে এবং যুগোপযোগী ব্যাংকিং এর সাথে তাল মেলানোর উদ্দেশ্যে ক্রেডিট ডিভিশন, পূবালী ব্যাংক লিমিটেড ব্যাংকের বর্তমান গ্রাহকদের অতিরিক্ত প্রয়োজনীয় অর্থ যোগানের লক্ষ্যে পূবালী উৎসব নামে নতুন ডিমান্ড লোন প্রবর্তন করেছে। এই লোন সুবিধা ৬০ দিন/৯০ দিন মেয়াদী হবে, এক্ষেত্রে যথাক্রমে ৩০ দিন/৪৫ দিন রেয়াতী সময় প্রযোজ্য হবে। ১৬.৫০% সুদ হারে এই ঋণ সুবিধা ২ লাখ টাকা থেকে সর্বোচ্চ ৩০ লাখ টাকা পর্যন্ত প্রদান করা হবে। গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নিয়মাবলী অনুসরন করা হবে। রেয়াতী সময় শেষ হওয়ার পরদিন থেকে ঋণ পরিশোধ শুরু হবে।

আগ্রহী ব্যবসায়ী/পণ্যপ্রস্তুতকারী প্রতিষ্ঠান পূবালী ব্যাংক লিমিটেডের নিকটস্থ যে কোন শাখায় যোগাযোগ করতে পারেন।

## ঢাকা উত্তর অঞ্চল কর্তৃক "Money Laundering Prevention & Internal Control & Compliance" শীর্ষক কর্মশালা

সম্প্রতি পূবালী ব্যাংকের কর্মকর্তাদের জন্য পূবালী ব্যাংক ঢাকা উত্তর অঞ্চল কর্তৃক "Money Laundering Prevention & Internal Control & Compliance" শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী। সভাপতিত্ব করেন ঢাকা উত্তর অঞ্চলের অঞ্চল ব্যবস্থাপক জনাব আবু হাবিব খায়রুল কবীর।

প্রধান অতিথির বক্তব্যে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী বলেন, প্রবাসীদের কষ্টার্জিত রেমিট্যান্স যাতে দ্রুত ও খুব সহজে দেশে আনা যায় এ লক্ষ্যে পূবালী ব্যাংকের পক্ষে সব ধরনের উন্নত ও আধুনিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি বলেন, মানি লন্ডারিং প্রতিরোধে ব্যাংক কর্মকর্তাদের সর্বদা সজাগ থাকতে হবে। তিনি দেশীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে বাংলাদেশে মানি লন্ডারিং এর অবস্থান তুলে ধরেন। বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণের জন্য পরামর্শ দিয়ে তিনি বলেন, মানি লন্ডারিং প্রতিরোধকল্পে ব্যাংক একাউন্ট খোলা, টাকা পাঠানো ও গ্রাহক পরিচিতি সম্পর্কিত সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ ও সংরক্ষণে অধিকতর সচেতন হতে হবে।

ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী বাংলাদেশ ব্যাংকের নীতিমালা যথাযথ পরিপালনের মাধ্যমে ঝুঁকি বিশ্লেষণ ও তত্ত্বাবধানের উপর জোর দেন।

এসময় পূবালী ব্যাংকের মহাব্যবস্থাপক জনাব হাবিবুর রহমান ও উপ-মহাব্যবস্থাপক জনাব নীতিশ কুমার রায় উপস্থিত ছিলেন।



সোসাইটি ফর দ্যা ওয়েলফেয়ার অফ অটিস্টিক চিলড্রেন কে পূবালী ব্যাংকের ৬০ লক্ষ টাকা অনুদান



পূবালী ব্যাংক লিমিটেড সিলেট আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে সিলেট নগরীর একটি অভিজাত রেস্টুরেন্টে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়



## রেমিট্যান্স দ্রুত বিতরণের লক্ষ্যে মৌলভীবাজার আঞ্চলিক কার্যালয়ে ট্রেনিং কোর্স অনুষ্ঠিত

এক্সপ্রেস মানি সার্ভিসেস, টার্বো ক্যাশ এবং ক্যাশ এক্সপ্রেস এর মাধ্যমে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দ্রুত প্রাপকের হাতে পৌঁছানোর জন্য গত ১৩ জুলাই ২০১৩ তারিখে পূবালী ব্যাংক লিমিটেডের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার ৩৩ টি শাখার ৩৩ জন কর্মকর্তাদের নিয়ে একটি ট্রেনিং কোর্স আয়োজন করা হয়। আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত এ ট্রেনিং কোর্সে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার শাখার সহকারী মহাব্যবস্থাপক মোঃ শামছুল হক। স্বাগত বক্তব্য রাখেন আঞ্চলিক কার্যালয়ের আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋণ প্রশাসক মোহাম্মদ আবু তাহের। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার উত্তম কুমার পুরকায়স্থ। ট্রেনিং প্রোগ্রামটি পরিচালনা করেন হবিগঞ্জ শাখার সাপোর্ট ইঞ্জিনিয়ার মোহাম্মদ মোস্তফা ও আঞ্চলিক কার্যালয়ের হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার উত্তম কুমার পুরকায়স্থ। এছাড়া ট্রেনিং প্রোগ্রামটি পরিচালনায় সহযোগিতা করেন কুলাউড়া শাখার সাপোর্ট ইঞ্জিনিয়ার শেখ মোঃ সাইদুর রহমান এবং চুনারুঘাট শাখার সাপোর্ট ইঞ্জিনিয়ার মোঃ ইকবাল বাহার। অংশগ্রহণকারীদের মধ্য থেকে বক্তব্য রাখেন হবিগঞ্জ শাখার কর্মকর্তা আলী আজমান খান, মৌলভীবাজার শাখার কর্মকর্তা মোঃ বদরুদ্দোজা চৌধুরী, মাধবপুর শাখার কর্মকর্তা মোঃ শাহিজুল ইসলাম এবং শমসের নগর শাখার কর্মকর্তা মোঃ মঞ্জুরুল হক।

আইন কর্মকর্তা মোহাম্মদ আবু তাহের তার স্বাগত বক্তব্যে বলেন দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স বিরাট ভূমিকা রাখছে। রেমিট্যান্স হচ্ছে দেশের অন্যতম বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত। প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স অত্যন্ত দ্রুততা ও স্বচ্ছতার সঙ্গে প্রেরকের হাতে পৌঁছে দিতে পূবালী ব্যাংক লিঃ বদ্ধপরিকর। তিনি আরও বলেন কর্মকর্তাদের সেবার মান বাড়াতে প্রেরিত রেমিট্যান্স দ্রুত প্রাপকের হাতে পৌঁছে দিতে এ ট্রেনিং প্রোগ্রাম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।




## "গ্রীন ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা" শীর্ষক কর্মশালা



পূবালী ব্যাংক লিমিটেড, বৈদেশিক বাণিজ্য শাখা, ঢাকা কর্তৃক গত ৬ই জুলাই ২০১৩ ইং রোজ শনিবার শাখা কার্যালয়ে "গ্রীন ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি ও রিসোর্স পারসন হিসাবে প্রধান কার্যালয়ের ঋণ মঞ্জুরী বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান জনাব হাবিবুর রহমান গ্রীন ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কে বক্তব্য প্রদান করেন। এছাড়াও কর্মশালায় রিসোর্স পারসন হিসাবে নির্ধারিত বিষয়ের উপর বক্তব্য রাখেন আই.সি.সি বিভাগের উপ-মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান নীতিশ কুমার রায়, ঋণ মঞ্জুরী বিভাগ ও গ্রীন ব্যাংকিং ইউনিট এর সহকারী মহাব্যবস্থাপক মো: নাঈমুল হক, কর্মকর্তা মোঃ শরীফুল ইসলাম ও হাবিব মহসিন। সভায় সভাপতিত্ব করেন শাখার দায়িত্বপ্রাপ্ত উপ-মহাব্যবস্থাপক মহিউদ্দিন আহমদ। কর্মশালায় পূবালী ব্যাংক লিমিটেড-এর বৈদেশিক বাণিজ্য শাখার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্মশালায় গ্রীন ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কে শাখা পর্যায়ে করনীয় বিষয়াদি ও গ্রীন ফাইন্যান্সিং সংক্রান্ত বিষয় নিয়ে বিশদ আলোচনা করা হয়।

বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে গ্রীন ব্যাংকিং এবং সি.এস.আর এর আলাদা বিভাগ চালু করেছে। এরই ধারাবাহিকতায় পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের গ্রীন ব্যাংকিং নীতিমালা বাস্তবায়নের অংশ হিসেবেই এ কর্মশালার আয়োজন করা হয়েছে। পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব টেকসই অর্থায়ন সংক্রান্ত জ্ঞান অর্জনের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে এ কর্মশালা সহায়ক ভূমিকা পালন করবে।

## পূবালী ব্যাংক লিমিটেডের অর্থায়নে হবিগঞ্জে "আল-মদিনা কেমিক্যাল এন্ড সোপ ইন্ডাস্ট্রিজ" এর উদ্বোধন



পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের বার লাইব্রেরী শাখার অর্থায়নে হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলায় "আল-মদিনা কেমিক্যাল এন্ড সোপ ইন্ডাস্ট্রিজ" নামক একটি কারখানা চালু হয়েছে। গত ১০ জুলাই উক্ত সাবান কারখানাটির উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের আইন কর্মকর্তা জনাব মোহাম্মদ আবু তাহের। এ উপলক্ষ্যে "আল-মদিনা কেমিক্যাল এন্ড সোপ ইন্ডাস্ট্রিজ" এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আক্তার হোসেন এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জনাব আহমদ এনায়েত মনজুর বলেন শিল্পের উন্নতি তথা শিল্প প্রতিষ্ঠান গড়ে না উঠলে দেশের উন্নতি হয় না। তাই শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার গুরুত্ব অপরিসীম। তিনি বলেন দেশে শিল্পায়ন হলে নগরায়ন হবে। আর নগরায়ন হলে যোগাযোগ ব্যবস্থাও উন্নত হবে। বিশেষ অতিথির বক্তব্যে জনাব মোহাম্মদ আবু তাহের বলেন বাংলাদেশ নামক রাষ্ট্র প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য ছিল অর্থনৈতিক মুক্তি অর্জন। ৪০ বছরে বাংলাদেশের অর্জনের তালিকা অনেক দীর্ঘ। গর্ব করার মত এ অর্জনে দেশের ব্যবসায়ী ও উদ্যোক্তারা মূল ভূমিকা পালন করেছেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিঃ এর বার লাইব্রেরী শাখার ব্যবস্থাপক জনাব মোঃ আবদুল ওয়াহেদ, হবিগঞ্জ শাখার ব্যবস্থাপক জনাব ফজলুল কবির চৌধুরী, টাউন মসজিদ রোড শাখার ব্যবস্থাপক জনাব মোঃ

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## ঢাকা দক্ষিণ অঞ্চল কর্তৃক "Money Laundering Prevention & Internal Control & Compliance" শীর্ষক কর্মশালা



সম্প্রতি পূবালী ব্যাংকের কর্মকর্তাদের জন্য ঢাকা দক্ষিণ অঞ্চল কর্তৃক "Money Laundering Prevention & Internal Control & Compliance" শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী। সভাপতিত্ব করেন ঢাকা দক্ষিণ অঞ্চলের প্রধান উপ-মহাব্যবস্থাপক জনাব এম. শাহনেওয়াজ চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী বলেন, প্রবাসীদের কষ্টার্জিত রেমিট্যান্স যাতে দ্রম্নত ও খুব সহজে দেশে আনা যায় এ লক্ষ্যে পূবালী ব্যাংকের পক্ষে সব ধরনের উন্নত ও আধুনিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি বলেন, মানি লন্ডারিং প্রতিরোধে ব্যাংক কর্মকর্তাদের সর্বদা সজাগ থাকতে হবে। তিনি দেশীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে বাংলাদেশে মানি লন্ডারিং এর অবস্থান তুলে ধরেন। বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণের জন্য পরামর্শ দিয়ে তিনি বলেন, মানি লন্ডারিং প্রতিরোধকল্পে ব্যাংক একাউন্ট খোলা, টাকা পাঠানো ও গ্রাহক পরিচিতি সম্পর্কিত সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ ও সংরক্ষণে অধিকতর সচেতন হতে হবে।

ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী বাংলাদেশ ব্যাংকের নীতিমালা যথাযথ পরিপালনের মাধ্যমে ঝুঁকি বিশ্লেষণ ও তত্ত্বাবধানের উপর জোর দেন।

এসময় পূবালী ব্যাংকের মহাব্যবস্থাপক জনাব হাবিবুর রহমান ও উপ-মহাব্যবস্থাপক জনাব নীতিশ কুমার রায় উপস্থিত ছিলেন।



## শোক বার্তা

পূবালী ব্যাংক কুমিল্লা অঞ্চলের প্রধান ও উপ-মহাব্যবস্থাপক দিলীপ কুমার পালের স্ত্রী, প্রাক্তন শিক্ষিকা ও কুমিল্লা বেতারের সংগীত শিল্পী স্মৃতিকনা লস্কর গত ২০ আগষ্ট ২০১৩ দিবাগত রাত ৩ টায় ঢাকার ক্রিসেন্ট গ্যাস্ট্রোলিভার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন । তার মৃত্যুতে পূবালী ব্যাংক কুমিল্লা অঞ্চলের সকল কর্মকর্তা ও কর্মচারী শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন ।

## "ব্যাংক খাতে ঝুঁকি ব্যবস্থাপনা ও যথাযথ সতর্কতা অবলম্বন" শীর্ষক কর্মশালা



গত ১৪ জুন ২০১৩ তারিখে পূবালী ব্যাংক লিমিটেড বার লাইব্রেরী শাখা, হবিগঞ্জ-এ "ব্যাংক খাতে ঝুঁকি ব্যবস্থাপনা ও যথাযথ সতর্কতা অবলম্বন" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। পূবালী ব্যাংক লিঃ আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজার কর্তৃক আয়োজিত উক্ত কর্মশালায় মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার ৩৩ টি শাখার ব্যবস্থাপক, ঋণ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাসহ মোট ৮৫জন কর্মকর্তা উপস্থিত ছিলেন। অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর এর সভাপতিত্বে ও বার লাইব্রেরী শাখার ব্যবস্থাপক মোঃ আব্দুল ওয়াহেদ এর সঞ্চালনায় অনুষ্ঠিত এ কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ প্রধান কার্যালয়ের আইসিসি বিভাগের প্রধান ও উপ-মহাব্যবস্থাপক জনাব নীতিশ কুমার রায়, মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর, আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋণ প্রশাসক মোহাম্মদ আবু তাহের এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা নূপুর বৈদ্য। দিন ব্যাপী উক্ত কর্মশালায় বক্তাগণ নির্ধারিত বিষয়ে বক্তব্য রাখেন। অ্যান্টি মানি লন্ডারিং, ঋণ এবং অন্যান্য ঝুঁকি ব্যবস্থাপনা, সহায়ক জামানতের গ্রহণযোগ্যতা, ঋণ বিতরণ ও দলিলাদি সংরক্ষণ ইত্যাদি বিষয়ে শাখা ব্যবস্থাপক ও ব্যাংক কর্মকর্তাদের দায়িত্ব-কর্তব্য সহ ব্যাংকিং সংশিষ্ট জরুরী অন্যান্য বিষয় নিয়ে বক্তাগণ প্রাণবন্ত আলোচনা করেন।

উপ-মহাব্যবস্থাপক জনাব নীতিশ কুমার রায় তাঁর বক্তব্যে চোরাচালান, দুর্নীতি, মানবপাচার সহ অবৈধ পন্থায় উপার্জিত অর্থের উৎস উদ্‌ঘাটন এবং ব্যবহার রোধে সতর্কতার সাথে দৈনন্দিন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার পরামর্শ দেন।

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*





আমাদের কাস্টমার কেয়ার
সর্বদাই আপনার ব্যাংকিং
সেবায় নিয়োজিত।

# পূবালী বার্তা


## খুলনা অঞ্চলের ‘২য় শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৩’ অনুষ্ঠিত




সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে খুলনার হোটেল ওয়েস্টার্ণ ইন ইন্টারন্যাশনাল লিমিটেডে সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেডের খুলনা অঞ্চলের ‘২য় শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৩’ অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংক লিমিটেডের খুলনা অঞ্চলাধীন শাখাসমূহের ব্যবস্থাপকবৃন্দের অংশগ্রহণে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের পরিচালক জনাব আহমদ শফি চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী ও অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম এ হালিম চৌধুরী ।

প্রধান অতিথির বক্তব্যে জনাব আহমদ শফি চৌধুরী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন। তিনি আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে উন্নততর গ্রাহকসেবা দিয়ে ব্যাংকের ব্যবসা বৃদ্ধির উপর জোর তাগিদ দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংক এর অবস্থান সুদৃঢ় থাকে। এই সম্মেলনে প্রদানকৃত দিক নির্দেশনার মাধ্যমে ব্যাংকের কর্মকান্ডে ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হবে বলে তিনি মন্তব্য করেন।

ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপকদের প্রতি আহ্বান জানান। তিনি খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভূক্ত না হয় সে দিকে সকল শাখা ব্যবস্থাপকদের বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য নির্দেশ প্রদান করেন। তিনি আমদানী ও রফতানী কর্মকান্ডে সংশিষ্ট প্রতিষ্ঠানের সংগে সার্বক্ষণিক যোগাযোগ এবং আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসা বাড়ানোর উপরও জোর দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকে।

সম্মেলনে সভাপতিত্ব করেন খুলনার অঞ্চল প্রধান উপ-মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ হুমায়ুন কবির।

## বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের ‘২য় শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৩’ অনুষ্ঠিত




পূবালী ব্যাংক লিমিটেড এর বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের শাখা সমূহের ২য় শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৩ সম্প্রতি চট্টগ্রামের স্থানীয় একটি হোটেলে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম.এ. হালিম চৌধুরী এবং মহাব্যবস্থাপক জনাব প্রতীক করিম। সম্মেলনে সভাপতিত্ব করেন উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শফিউল আলম খান চৌধুরী।

ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী তাঁর বক্তব্যে ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপকদের প্রতি আহ্বান জানান। খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভূক্ত না হয় সে দিকে সকল শাখা ব্যবস্থাপকদের বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য তিনি নির্দেশ প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসা বাড়ানোর উপরও জোর দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকে। পরিশেষে তিনি ২০১৩ সালে চট্টগ্রাম অঞ্চলের শাখাসমূহের ব্যাংক নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণের জন্য দিক নির্দেশনা দেন এবং এ ব্যাপারে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান।

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*




## পূবালী ব্যাংক শরী’আহ্ সুপারভাইজরী কমিটির ১২তম সভা অনুষ্ঠিত



ইসলামী শরী’আহ মোতাবেক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে পূবালী ব্যাংক লিমিটেডের প্রিন্সিপাল শাখা, ঢাকা ও স্টেডিয়াম শাখা, সিলেটে ইসলামী ব্যাংকিং উইন্ডোর মাধ্যমে ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় বর্তমান অগ্রগতি সম্পর্কে আলোচনাকল্পে পূবালী ব্যাংক শরী’আহ্ সুপারভাইজরী কমিটির ১২তম সভা পূবালী ব্যাংক প্রধান কার্যালয়ে সম্প্রতি অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংক শরী’আহ্ সুপারভাইজরী কমিটির চেয়ারম্যান এম. আজিজুল হক সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক শরী’আহ্ সুপারভাইজরী কমিটির সদস্য এবং পূবালী ব্যাংকের পরিচালক জনাব আহমদ শফি চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরী, ইসলামী অর্থনীতিবিদ অধ্যাপক এম মুজাহিদুল ইসলাম, অধ্যাপক এম. মনসুরুর রহমান, মাওলানা আবদুল্লাহ্ বিন সাঈদ জালালাবাদী, মোহাম্মদ মাহবুবুর রহমান এবং পূবালী ব্যাংক ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান জনাব আব্দুল গোফরান।

সভায় পূবালী ব্যাংকের ইসলামী ব্যাংকিং সম্প্রসারণের পরিকল্পনা ও এর অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পূবালী ব্যাংক ইসলামী ব্যাংকিং বিভাগ ইসলামী ব্যাংকিং এর বর্তমান অবস্থান উপস্থাপন করে। পূবালী ব্যাংক শরী’আহ্ সুপারভাইজরী কমিটি কর্তৃক পূবালী ব্যাংকের ইসলামী ব্যাংকিং এর অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়।




## এস.এম.ই অর্থায়ন বিনিয়োগ নীতিমালা ও গ্রাহক বান্ধব ব্যাংকিং কর্মশালা



পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় ঘোষিত কর্মসূচী মোতাবেক সারাদেশে মে ও জুন মাসকে সেবা মাস হিসেবে পালন করা হয়। এরই অংশ হিসেবে আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজার এর উদ্যোগে পূবালী ব্যাংক লিমিটেড শ্রীমঙ্গল শাখায় ২৫ মে ২০১৩ তারিখে এস.এম.ই অর্থায়ন ও বিনিয়োগ নীতিমালা ও গ্রাহক বান্ধব ব্যাংকিং শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেড মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর। দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার ৩৩ টি শাখার প্রধান সহ ৮৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মশালায় রিসোর্স পার্সন (প্রশিক্ষক) হিসেবে বক্তব্য উপস্থাপন করেন অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর, মৌলভীবাজার শাখার সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ শামছুল হক, আঞ্চলিক ঋণ প্রশাসক ও আইন কর্মকর্তা জনাব মোঃ আবু তাহের, শ্রীমঙ্গল শাখার প্রধান জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা নূপুর বৈদ্য। অনুষ্ঠান সঞ্চালনা ও সমন্বয়কের দায়িত্ব পালন করেন মোহাম্মদ আবু তাহের। উদ্বোধনী বক্তব্যে অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর বলেন বর্তমান প্রতিযোগিতামুলক বাজারে ভালো করতে হলে সকল কর্মকর্তার গ্রাহক সেবার মানোন্নয়নের দিকে গুরুত্ব দিতে হবে। তিনি আরও বলেন যোগ্য ব্যক্তিদের ঋণ দেয়া ব্যাংকের দায়িত্ব। সম্ভাবনাময় এস.এম.ই উদ্যোক্তাদের খুঁজে বের করে এস.এম.ই খাতে বিনিয়োগ বাড়াতে হবে, কারন এস.এম.ই খাতের উন্নয়ন হলে দেশের উন্নয়ন হবে।

গবেষনা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড,
প্রধান কার্যালয়, ২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত